

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩১৮৭

সোনামুড়া, ০২ ডিসেম্বর, ২০২৩

দু'দিনব্যাপী মোহনভোগ এক্সপো ও কৌশল মেলার উদ্বোধন

দেশের সার্বিক বিকাশে কেন্দ্রীয় সরকার বিভিন্ন
কর্মপরিকল্পনা নিয়েছে : কেন্দ্রীয় সামাজিক ন্যায় প্রতিমন্ত্রী

মোহনভোগ ব্লক এলাকার পূর্ব চন্দ্রগড়ে আজ থেকে শুরু হয়েছে দু'দিনব্যাপী মোহনভোগ এক্সপো ও কৌশল মেলা। মোহনভোগ ব্লকের উদ্যোগে আয়োজিত এই মেলার আনুষ্ঠানিক উদ্বোধন করেন কেন্দ্রীয় সামাজিক ন্যায় ও ক্ষমতায়ণ প্রতিমন্ত্রী প্রতিমা ভৌমিক। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মোহনভোগ ব্লক পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান শ্রীবাস ভৌমিক। মেলার উদ্বোধন করে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সাধারণ মানুষের সার্বিক কল্যাণে গৃহীত কেন্দ্র ও রাজ্য সরকারের বিভিন্ন প্রকল্পের কথা উল্লেখ করে বলেন, সাধারণ মানুষকে সরকারি বিভিন্ন সুযোগ সুবিধাগুলোকে পৌছে দেওয়ার মাধ্যমে আত্মনির্ভর করে তোলার জন্য বর্তমান সরকার নিরলস কাজ চালিয়ে যাচ্ছে। প্রশাসনিক সুবিধাগুলোকে মানুষের দোরগোড়ায় পৌছে দিতে কেন্দ্রীয় সরকার ও রাজ্য সরকার যৌথভাবে বিকশিত ভারত সংকল্প যাত্রা কর্মসূচি হাতে নিয়েছে। যার অন্যতম লক্ষ্য হল শ্রেষ্ঠ ও শক্তিশালী ভারতবর্ষ গড়ে তোলা। তিনি বলেন, আগামী ২০৪৭ সালের মধ্যে দেশের সার্বিক বিকাশে কেন্দ্রীয় সরকার বিভিন্ন কর্মপরিকল্পনা নিয়েছে। সরকারের এই পরিকল্পনাগুলোকে বাস্তবে রূপ দেওয়ার জন্য তিনি জাতি-ধর্ম-বর্ণ নির্বিশেষে সবাইকে এগিয়ে আসার আহ্বান জানান।

অনুষ্ঠানে বিধায়ক বিন্দু দেবনাথ বলেন, মহিলাদের সশক্তিকরণ এবং সমাজের অস্তিম ব্যক্তি পর্যন্ত বিভিন্ন সুযোগ সুবিধা পৌছে দেওয়ার লক্ষ্যে বর্তমান সরকার প্রচেষ্টা চালাচ্ছে। এবিষয়ে সবার সার্বিক সহযোগিতার বিষয়ে তিনি গুরুত্ব আরোপ করেন। অন্যান্য অতিথিদের মধ্যে অনুষ্ঠানে বক্তব্য রাখেন সিপাহীজলা জিলা পরিষদের সভাধিপতি সুপ্রিয়া দাস দত্ত এবং মোহনভোগ ব্লক উপদেষ্টা কমিটির চেয়ারম্যান বাসল্য কুমার নোয়াতিয়া। স্বাগত বক্তব্য রাখেন মোহনভোগ ব্লকের বিডিও শীকান্ত চক্রবর্তী। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এমডিসি পদ্মলোচন ত্রিপুরা, সিপাহীজলা জিলা পরিষদের সহকারি সভাধিপতি পিন্টু আইচ, মোহনভোগ ব্লক পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান জিতেন্দ্র দাস, মোহনভোগ বিএস'র ভাইস চেয়ারম্যান নিরবমনি দেববর্মা এবং বিশিষ্ট সমাজসেবী বিশ্বজিৎ দাস সহ মোহনভোগ ব্লকের পঞ্চায়েত সমিতির সদস্য সদস্যাগণ।

দু'দিনব্যাপী এই মেলায় মোহনভোগ ব্লক এলাকার বিভিন্ন স্বসহায়ক দল তাদের উৎপাদিত সামগ্রী নিয়ে অংশগ্রহণ করেছে। পাশাপাশি সরকারি বিভিন্ন দপ্তরের পক্ষ থেকেও প্রদর্শনী স্টল খোলা হয়েছে মেলায়। স্বসহায়ক দল ও সরকারি দপ্তর সহ মেলায় মোট ২০টি স্টল খোলা হয়েছে। অনুষ্ঠানের দ্বিতীয় পর্বে শ্রম দপ্তরের পক্ষ থেকে ২ জন মহিলা নির্মাণ শ্রমিকের হাতে ২ লক্ষ টাকা ও ৫০ হাজার টাকার চেক তুলে দেওয়া হয়। তাছাড়া ত্রিপুরা গ্রামীণ জীবিকা মিশন থেকে ব্লকের ৩টি মহিলা স্বসহায়ক দলকে ৩ লক্ষ টাকা করে চেক তুলে দেওয়া হয়। আইসিডিএস থেকে ২ জন মহিলাকে পোষণ কিটস, শিক্ষা দপ্তর থেকে ১ জনকে শ্রবণ যন্ত্র, ১ জনকে ট্রাই সাইকেল, প্রাণীসম্পদ বিকাশ দপ্তর থেকে ৩ জনকে ১০টি করে হাঁসের বাচ্চা, বন দপ্তর থেকে ২ জনকে গাছের চারা এবং মৎস্য দপ্তর থেকে ৪ জন মাছ চাষিকে ১টি করে কনিজাল তুলে দেন অনুষ্ঠানে উপস্থিত অতিথিগণ।
